**১৮. সাত পাহাড়ের শহর বলা হয়-**
ক. মিসিসিপিকে খ. কাঠমন্ডুকে গ. রোমকে ঘ. কার্বনডেলকে

**ব্যাখ্যা:**

| উপনাম | দেশের নাম | উপনাম | দেশের নাম |
|---|---|---|---|
| ভাটির দেশ | বাংলাদেশ | সাত পাহাড়ের শহর | রোম |
| বিশ্বের রুটির ঝুড়ি | উত্তর আমেরিকার প্রেইরি | ইউরোপের ককপিট | বেলজিয়াম |
| চির বসন্তের নগরী | কিটো ইকুয়েডর | সমুদ্রের বধূ | গ্রেট ব্রিটেন |
| পৃথিবীর কসাইখানা | শিকাগো | সাদা হাতির দেশ | থাইল্যান্ড |
| চিনির দেশ | কিউবা | সূর্যোদয়ের দেশ | জাপান |
| ম্যাপল পাতার দেশ | কানাডা | ভূমিকম্পের দেশ | জাপান |
| স্বর্ণ নগরী | জোহানেসবার্গ | বজ্রপাতের দেশ | নেপাল |
| বাজারের শহর | কায়রো | ইউরোপের রুগ্ন মানুষ | তুরস্ক |
| আগুনের দ্বীপ | আইসল্যান্ড | মুক্তার দেশ | বাহরাইন |
| হাজার হ্রদের দেশ | ফিনল্যান্ড | ভূ-স্বর্গ | কাশ্মীর |
| নিশীথ সূর্যের দেশ | নরওয়ে | গোলাপী শহর | রাজস্থান |
| চির শান্তির শহর | রোম | পঞ্চনদের দেশ | পাঞ্জাব |

**সঠিক উত্তর : গ.**

**১৯. বিশ্ববাণিজ্য সংস্থায় সর্বশেষ যোগদানকারী রাষ্ট্র-**
ক. চীন খ. সৌদি আরব
গ. আফগানিস্তান ঘ. উজবেকিস্তান

**ব্যাখ্যা:** বিস্তারিত: ঢাবি (২০০৮-২০০৯) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৪) নং দেখ।
**সঠিক উত্তর : নেই.**

**২০. আফগান প্রেসিডেন্ট হামিদ কারজাই হলেন-**
ক. পশতুন খ. হাজারা গ. তাজিক ঘ. উজবেক

**সঠিক উত্তর : ক.**

**২১. ২০০৬ সালের ন্যাম সম্মেলন অনুষ্ঠিত হয়-**
ক. নয়া দিল্লি খ. ইসলামাবাদ গ. হাভানা ঘ. বেলগ্রেড

**ব্যাখ্যা:** NAM - Non-Aligned Movement.
- ১৯৬১ সালে, বেলগ্রেড সম্মেলনের মধ্য দিয়ে NAM আনুষ্ঠানিকভাবে গঠিত হয়।
- ২০১৫ সালে সপ্তাদশ ন্যাম সম্মেলন অনুষ্ঠিত হবে ভেনেজুয়েলার রাজধানী কারাকাসে।

**সঠিক উত্তর : গ.**

**২২. বিশ্ব এইডস দিবস পালিত হয়-**
ক. ১ সেপ্টেম্বর খ. ৩১ অক্টোবর গ. ১ ডিসেম্বর ঘ. ১৯ ডিসেম্বর

**ব্যাখ্যা:** বিস্তারিত: ঢাবি (২০১১-২০১২) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (০৮) নং দেখ।
**সঠিক উত্তর : গ.**

**২৩. আফ্রিকা মহাদেশের কোন অঞ্চলে সেনেগাল অবস্থিত?**
ক. পশ্চিম খ. দক্ষিণ গ. উত্তর ঘ. পূর্ব

**ব্যাখ্যা: পূর্ব আফ্রিকা** - ইথিওপিয়া, কেনিয়া, সোমালিয়া, জিম্বাবুয়ে
**মধ্য আফ্রিকা** - ক্যামেরুন, কঙ্গো প্রজাতন্ত্র, অ্যাঙ্গোলা
**উত্তর আফ্রিকা** - আলজেরিয়া, মিশর, লিবিয়া, সুদান, মরক্কো
**দক্ষিণ আফ্রিকা** - দক্ষিণ আফ্রিকা, বতসোয়ানা, নামিবিয়া
**পশ্চিম আফ্রিকা** - ঘানা, লাইবেরিয়া, সেনেগাল, আইভরি কোস্ট, মালি
**সঠিক উত্তর : ক.**

**২৪. 'সাইনিং পাথ' হচ্ছে-**
ক. পেরুর গেরিলা সংগঠন খ. নেপালের গেরিলা সংগঠন
গ. নিকারাগুয়ার রাজনৈতিক দল ঘ. হন্ডুরাসের রাজনৈতিক দল

**ব্যাখ্যা:** বিস্তারিত: ঢাবি (২০০৮-২০০৯) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (১৮) নং দেখ।
**সঠিক উত্তর : ক.**

**২৫. যুক্তরাজ্যের অর্থমন্ত্রীর সরকারি পদবি-**
ক. চ্যান্সেলার অব এক্সচেকার খ. লর্ড প্রিভি সিল
গ. সেক্রেটারি অব ট্রেজারি ঘ. চিফ অব ফিন্যান্স

**ব্যাখ্যা:**
- যুক্তরাজ্যের অর্থমন্ত্রীর পদবি - চ্যান্সেলার অব এক্সচেকার।
- যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রীর উপাধি - সেক্রেটারি অব স্টেট ফরেন অ্যান্ড কমনওয়েলথ অ্যাফেয়ার্স।
- মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থমন্ত্রীর উপাধি - সেক্রেটারী অব ট্রেজারি।

**সঠিক উত্তর : ক.**

## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
### শিক্ষাবর্ষ : ২০০৫-২০০৬

### বাংলা

**০১. কোন শব্দটি সংস্কৃত-ফারসির মিশ্রণ**
ক. হাসিমুখ খ. হাসিঠাট্টা গ. হাসিতামাশা ঘ. হাসিখুশি

**ব্যাখ্যা:** সংস্কৃত + ফারসি - হাসিখুশি, শাকসবজি, রাজা-বাদশা।
আরবি + ফারসি - ওয়াকিবহাল, খয়রাতি, খয়ের খা, ফৌজদারী, লেফাফা-দুরস্ত, তাজমহল।
ফারসি + আরবি-আবহাওয়া, কুচকাওয়াজ, খোশমেজাজ, দস্তখত, গরম মশলা
ইংরেজী + বাংলা - খ্রিস্টাব্দ
ইংরেজী + সংস্কৃত - হেড-পন্ডিত
আরবি + তৎসম - আইনজীবী
**সঠিক উত্তর : ঘ.**

**০২. বাংলা ভাষায় অসমাপিকা ক্রিয়ার রূপ**
ক. তিনটি খ. চারটি গ. পাঁচটি ঘ. ছয়টি

**ব্যাখ্যা:** অসমাপিকা ক্রিয়াঘটিত বাক্যে তিন ধরনের কর্তা (কর্তৃকারকে) দেখা যায়-
**এক কর্তা-** তুমি কাজ পেলে আর কি বাড়ি আসবে?
**অসমান কর্তা-**আমি তাকে যেতে বললে সে যাবে।
**শর্তাধীন কর্তা-** তোমরা বাড়ি এলে আমি রওয়ানা হব।
**নিরপেক্ষ কর্তা-**সূর্য অস্তমিত হলে যাত্রীদল পথ চলা শুরু করল।
**সঠিক উত্তর : ক.**

**০৩. সেমিকোলনের বাংলা**
ক. অর্ধচ্ছেদ খ. পূর্ণচ্ছেদ গ. আংশিকচ্ছেদ ঘ. বাক্যচ্ছেদ

**ব্যাখ্যা:** কমা বা পাদচ্ছেদ (,)
সেমিকোলন বা অর্ধচ্ছেদ (;)
দাড়ি বা পূর্ণচ্ছেদ (।)
**সঠিক উত্তর : ক.**

**০৪. 'Thesaurus' এর পরিভাষা-**
ক. কোষগ্রন্থ খ. অভিধান
গ. সমার্থ শব্দকোষ ঘ. বিশ্বকোষ

**ব্যাখ্যা:** Thesaurus-সমার্থক শব্দকোষ
Aesthetics - নন্দনতত্ত্ব Affiliation - সম্বন্ধীকরণ
Allegation - অভিযোগ Allotment - বরাদ্দ
Alternate - একান্তর
**সঠিক উত্তর : গ.**

**০৫. 'গড্ডালিকা প্রবাহে গা ভাসিয়ে দেয়ার মধ্যে নৈপুন্যও নেই এবং তাতে মানষিক বিকাশও ব্যবহত হইয়া থাকে।' - সাধু পদ্ধতিতে লিখতে বাক্যটিতে কয়টি ভুল হয়েছে?**
ক. পাঁচ খ. ছয় গ. সাত ঘ. আট

**ব্যাখ্যা:** উপরোক্ত বাক্যে আটটি ভুল আছে, শুদ্ধরূপ-গড্ডলিকা, ভাসাইয়া, দেওয়ার, নৈপুণ্যও, নাই, তাহাতে, মানসিক, ব্যাহত।
**সঠিক উত্তর : ঘ.**

**০৬. 'বাংলাদেশ' কবিতায় কোন ধানের উল্লেখ আছে?**
ক. আউশ ধান খ. বোরো ধান গ. আমন ধান ঘ. শালি ধান

**ব্যাখ্যা:** বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : গ.**

**০৭. 'চেয়ে দেখি, সমুদ্রগভীর জনতা ধীরে ধীরে চলতে শুরু করেছে।' - বাক্যটির রচয়িতা কে?**
ক. কাজী নজরুল ইসলাম খ. জহির রায়হান
গ. সৈয়দ ওয়ালীউল্লাহ ঘ. শওকত ওসমান

**ব্যাখ্যা:** বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
**সঠিক উত্তর : খ.**

**০৮. 'সূত' শব্দের অর্থ**
ক. পুত্র খ. সূত্র গ. সারথি ঘ. পবিত্র

**ব্যাখ্যা:** সুত-পুত্র সূত-জাত, উৎপন্ন, সারথি
**সঠিক উত্তর : গ.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

০৯. তদ্ভব শব্দগুচ্ছ-
ক. ক্রোধ, নক্ষত্র, পত্র খ. কেওন, ঘেন্না, পথ্যি
গ. আট, ছাতা, মাছ ঘ. আনারস, লিচু, হাকিম

ব্যাখ্যা: তদ্ভব শব্দ - আট, কাল, ডাল, হালকা, ছাতা, ভাত, মাছ, লাঠি, আম, সোনা, চোখ, কামার, ভাই, বোন, দুই, এক ইত্যাদি।
সঠিক উত্তর : গ.

১০. ড় এবং ঢ়-
ক. ঘৃষ্ট ধ্বনি খ. নাসিক্য ধ্বনি
গ. তাড়নজাত ধ্বনি ঘ. ওষ্ঠ্য ধ্বনি

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (১৬) নং দেখ।
সঠিক উত্তর : গ.

১১. 'সত্যি এক ইউনিক ব্যাপার' - বাক্যের 'ইউনিক' শব্দটি
ক. ফরাসি খ. স্প্যানিশ গ. ইংরেজি ঘ. জার্মান

সঠিক উত্তর : গ.

১২. 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পে কোন রঙের শাড়ি হাওয়ায় দুলছিল?
ক. কালো খ. লাল গ. সাদা ঘ. নীল

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

১৩. He was bombarded with complaints- এই বাক্যের সঠিক বঙ্গানুবাদ-
ক. তার উপর অসংখ্য বোমা মারা হল
খ. তার কাছে অজস্র অভিযোগ করা হল
গ. তার অভিযোগগুলি বোমার মত ছিল
ঘ. বোমা মারার জন্য তাকে অভিযুক্ত করা হল

ব্যাখ্যা: •He was bombarded with complaints - তার কাছে অজস্র অভিযোগ করা হলো।
•The better days are gone by - সুখের দিন চলে গেছে।
•He is bed ridden - সে শয্যাশায়ী।
•What is lotted cannot be blotted - ভাগ্যে যা আছে তাই হবে।
•Silence gives constent - মৌনতা সম্মতির লক্ষণ।
সঠিক উত্তর : খ.

১৪. নির্ভুল শব্দ গুচ্ছ-
ক. পৌরহিত্য, নির্ঘৃণ, জেষ্ঠ্য খ. ঝঞ্ঝা, নিরীখ, দ্ব্যার্থ
গ. দুর্বিষহ, সম্মন্ধ, জিগীষা ঘ. জ্যৈষ্ঠ, সান্ত্বনা, দৌরাত্ম্য

ব্যাখ্যা: শুদ্ধরূপ - পৌরোহিত্য, নিরিখ, সম্বন্ধ, জ্যৈষ্ঠ।
সঠিক উত্তর : ঘ.

১৫. 'ইঁদুর কপালে' বাগধারাটির অর্থ
ক. মন্দভাগ্য খ. ছোট কপাল
গ. সৌভাগ্যবান ঘ. কিম্ভুত চেহারা

সঠিক উত্তর : ক.

১৬. 'যৌবনের গান' - যাঁর উল্লেখ নেই
ক. মার্কস খ. লক্ষ্মন সেন গ. লেনিন ঘ. বখতিয়ার খিলজি

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

১৭. 'কেন সখি কোণে কাঁদিছ বসিয়া? —— চরণটি কোন রচনায় পাওয়া যায়?
ক. জীবন-বন্দনা খ. তাহারেই পড়ে মনে
গ. অর্ধাঙ্গী ঘ. সৌদামিনী মালো

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

১৮. হৈমন্তীর ছবিতে পেছনে ঝোলানো ছিল
ক. গালিচা খ. শতরঞ্জ গ. ফুলদানি ঘ. জ্যাকেট

সঠিক উত্তর : খ.

১৯. 'কেলিনু শৈবালে, ভুলি কমল-কানন' -- 'শৈবালে' বলতে বোঝানো হয়েছে-
ক. নিজ ভাষাকে খ. পরভাষাকে
গ. অনাহারক্লিষ্ট জীবনকে ঘ. শেওলার দামকে

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

২০. 'তাহারেই পড়ে মনে' কবিতার কবি 'মাঘের সন্ন্যাসী' বলতে বুঝিয়েছেন
ক. শীত ঋতুকে খ. শীতের কুয়াশাকে
গ. বিষণ্ন কবি-হৃদয়কে ঘ. কবির স্বামীকে

ব্যাখ্যা: কুহেলী উত্তরী তাল মাঘের সন্ন্যাসী-কবি শীতকে মাঘের সন্ন্যাসীরূপে কল্পনা করেছেন।
সঠিক উত্তর : ক.

২১. 'অতিমাত্র' সমাসবদ্ধ শব্দের ব্যাসবাক্য
ক. অতি ও মাত্র খ. অত্যন্ত মাত্র যা
গ. মাত্রাকে অতিক্রান্ত ঘ. না অতি না মাত্র

ব্যাখ্যা: মাত্রাকে অতিক্রান্ত-অতিমাত্রা।
এরূপ- রীতিকে অতিক্রম না করে - যথারীতি, এরূপ-যথাবিধি।
বেলাকে অতিক্রান্ত - উদ্বেল এরূপ - উচ্ছৃঙ্খল।
সঠিক উত্তর : গ.

২২. 'তুমি কবে আসবে'?- বাক্যটিতে ভাববাচ্যে রূপান্তর করলে দাঁড়াবে
ক. তুমি আসবে কবে? খ. তোমার আসা কি হবে?
গ. তোমার আসা হবে কি? ঘ. তোমার কবে আসা হবে?

সঠিক উত্তর : ঘ.

২৩. 'পর্যবেক্ষণ' -এর সন্ধিবিচ্ছেদ
ক. পর + বেক্ষণ খ. পরি + বেক্ষণ
গ. পর + অবেক্ষণ ঘ. পরি + অবেক্ষণ

সঠিক উত্তর : ঘ.

২৪. ধেনু শব্দের সমার্থক শব্দ
ক. গরু খ. দড়ি গ. তীর ঘ. ধনু

ব্যাখ্যা : গরু- ধেনু, গো, গাভী, পয়স্বিনী।
সঠিক উত্তর : ক.

২৫. 'সংশয়' -এর বিপরীতার্থক শব্দ
ক. বিস্ময় খ. নির্ভয়ে গ. নির্ণয় ঘ. প্রত্যয়

ব্যাখ্যা :

| মূল শব্দ | বিপরীত শব্দ | মূল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| সংশয় | প্রত্যয় | বিনীত | অবিনীত |
| সমষ্টি | ব্যষ্টি | যুক্ত | বিযুক্ত |
| যোজক | প্রণালী | হরন | পূরণ |
| মৃদু | প্রবল | হিত | অহিত |
| বাহুল্য | প্রয়োজনীয় | বিরত | রত/নিয়ত |

সঠিক উত্তর : ঘ.

## English

*Read the following passage and then answer Q. 1-5*

The Victorian culture of death is quite unique in English history. Never before or since have the English been so obsessed with the rites and rituals of death, funerals and mourning: a whole language of dress, objects and social formalities grew up around it. Queen Victorian herself set an example of irreproachable widowhood for her subjects to follow. After prince Albert's death in 1861. She remained in mourning for over then years. To the end of her life she preferred to wear black. Many people thought she carried thing too far: it was with great difficulty that she was persuades to reenter public life in 1871.

**01. A synonym for obsessed would be:**
A. fixated B. frenzied C. frantic D. fazed

ব্যাখ্যা: Obsessed - নিরবিচ্ছিন্নভাবে কোন কিছুতে নিমগ্ন থাকা।
**Synonym :** Fixated, Engrossed, Plagued.
**Antonym :** Disenchanted, Indifferent.
**Ans : A.**

**02. A close substitute word for irreproachable would be:**
A. Irresponsible B. Irksome
C Unshakable D. None of the above

ব্যাখ্যা: Irreproachable - অনবদ্য, Unshakable - অবিচলিত
**Synonym :** Blameless, Pure, Unshakable.
**Antonym :** Perfect.
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**03. An appropriate title for the passage would be:**
A. Blank Obsession B. Language of Mourning
C. After Prince Albert D. Victorian Rites

ব্যাখ্যা: Passage এর প্রথম লাইনে বলা হয়েছে Victorian culture of death নিয়ে। অর্থাৎ মৃত্যুর পরের Culture এর বিষয়ে বলা হয়েছে। Passage কে যদি "কি নিয়ে" দ্বারা প্রশ্ন করি, তাহলে দেখা যাবে, Victorian age এর কৃত্যানুষ্ঠান (Rites) নিয়ে আলোচনা করা হয়েছে।
**Ans : D.**

**04. The noun from of persuaded**
A. persuasion B. persecution
C. perseverance D. persistence

ব্যাখ্যা: Persuade - বোঝানো বা প্ররোচিত করা
Persuade এর noun persuasion, অপশন এর বাকী শব্দগুলোর অর্থ ভিন্ন।
Persecution - যন্ত্রনা প্রদান।
Perseverance - অধ্যবসায়ী।
Persistence - অনড় অবস্থান।
**Ans : A.**

**05. Rites signify:**
A. practices B. regulation
C. law D. habits

ব্যাখ্যা: প্রশ্নে Rites দ্বারা কী বোঝানো হয়েছে, তা জানতে চাওয়া হয়েছে।
Rites - কৃত্যানুষ্ঠান
তবে Passage এ Rites দ্বারা Victorian age এ মৃত্যু পরবর্তী বিভিন্ন আচার কে বোঝানো হয়েছে।
**Ans : A.**

**06. The island is a colony: however, in most matters it is___and receives no orders form the mother country.**
A. autonomous B. dependent
C. distant D. submissive

ব্যাখ্যা: কিছু শব্দ আছে যেগুলো বাক্যের বক্তব্যে একটা Contrast সৃষ্টি করে বা বক্তব্যকে reverse করার ইঙ্গিত দেয়। যেমন - although, though, else, despite, but, in spite of, however.
যেমন : এ sentence এর ক্ষেত্রে প্রথমে বলা Island একটি উপনিবেশ (colony) অঞ্চল। তারপরে আছে however, However এর পরে এমন কোন অর্থ প্রকাশ করবে যা প্রথম sentence এর বিপরীত। উপনিবেশ বা colony হচ্ছে অন্য কেউ দ্বারা নিয়ন্ত্রিত অঞ্চল তাই however এর পরে এমন অর্থ বোঝাবে যা দ্বারা স্ব নিয়ন্ত্রিত বোঝাবে।
Autonomous অর্থ স্বায়ত্বশাষিত বা স্বনিয়ন্ত্রিত।
এ ধরনের fill in the gaps এ key word বুঝে করলে অনেক সহজ হয়ে যায়।
**Ans : A.**

**07. Which of the following is the correct spelling?**
A. excessive B. excssive
C. axcesive D. excessive

ব্যাখ্যা: Excessive - অতিরিক্ত
গুরুত্বপূর্ন কিছু spelling এর জন্য বিস্তারিত : ঢাবি (২০১২ - ২০১৩) এর (০৪) নং দেখ।
**Ans : A.**

**08. The time is ripe for a revolt means that:**
A. the revolution is about to begin
B. it is the right time for a revolt
C. the revolt is underway
D. it is too late of a revolt

ব্যাখ্যা: Ripe for revolt - নতুন বিপ্লবের শুরুর মূহুর্ত।
**Ans : A.**

**Choose the correct meaning of the underlined expression:**
**09. Psychiatrists encourage their patients not to get upset about trivial matters.**
A. unexpected B. unusual
C. unimportant D. uncertain

ব্যাখ্যা: Trivial - তুচ্ছ
**Synonym :** Unimportant, Minor, Irrevelant, Insignificant
**Antonym :** Major, Essential, Serious
**Ans : C.**

**10. I'm so tired!___I finish this test, I'm having a nap**
A. Now that B. Every time
C. Once D. Until

ব্যাখ্যা: Sentence টির অর্থ দাড়ায় এরূপ - আমি এখন খুবই ক্লান্ত একবার যদি test শেষ করি, আমি ঘুমাব। এখানে "একবার যদি" বোঝাতে Once ব্যবহৃত হবে।
**Ans : C.**

**11. The term 'en route' a means.**
A. Through the route B. Through the way
C. On the Way D. In the way

ব্যাখ্যা: En route - চলার পথে
• On the way means - Proceeding
**Example :** You are coming to my house. (you are on the way.)
In the way means obscures on impedes
**Example :** You are standing in front of me and won't let me pass. (you are in the way.)
**Ans : C.**

**12. The clerk Checked us ___ and gave us our keys.**
A. in B. over
C. out D. down

ব্যাখ্যা: Check in - Register someone upon their arrival at a hotel or airport.
**Ans : A.**

**13. The correct antonym of the word amazing is-**
A. deceitful B. clever
C. ordinary D. shocking

ব্যাখ্যা: Amazing - বিস্ময়কর
**Synonym :** Awesome, Fascinating, Incredible, Prodigious.
**Antonym :** Ordinary, Insignificant, Poor.
**Ans : C.**

**14. Which is the best translation of the sentence সকালে পাখিরা কিচিরমিচির করে**
A. Birds cry a dawn B. Birds shout at dawn
C. Birds twitter at dawn D. Birds howl at dawn

ব্যাখ্যা: Twitter - পাখির কিচিরমিচির
**Ans : C.**

**15. I am going away ___ the end of the month**
A. in B. at
C. for D. into

ব্যাখ্যা: সপ্তাহের বা মাসের দিনের সাথে 'on' ব্যবহৃত হয়।
যেমন : On friday, On March 25
নির্দিষ্ট সময়ের সাথে 'at' ব্যবহৃত হয়
যেমন : at four o'clock
সময়ের ব্যাপ্তিকাল বোঝাতে 'in' ব্যবহৃত হয়
যেমন : 'in April', 'in 1945'
N: B : the end of এর আগে at বসে।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**16. Mr. Roberts is a noted chemist.**
A. as well as an effective teacher
B. and too a very efficient teacher
C. but he teaches very good in addition
D. however he teachers very good also

ব্যাখ্যা: অপশন (B) তে too শুরুতে বসেছে। আমরা জানি too sentence এর শেষে বসে। তাই অপশন (B) ভুল। (6) নং প্রশ্নে দেখেছি যে কিছু শব্দ Contrast meaning দেয়। but, ও contrast meaning দেয়। তাই অপশন (C) তে but দেওয়া। তাই দ্বিতীয় অংশে প্রথম অংশের reverse meaning দিবে, কিন্তু (C) তে তা দেওয়া হয়নি। আবার Sentence এর শেষে in addition দেওয়া ও ভুল তাই (C) বাদ। আবার অপশন (D) তে ও দ্বিতীয় অংশ প্রথম অংশের Contrast meaning দেওয়ার কথা, তা হইনি আবার (D) শেষ অংশে দেওয়া আছে also তাও ভুল। তাই (D) বাদ।
Ans : A.

**17. Choose the correct sentence:**
A. The man that said that was a fool
B. The man who said that was a fool
C. The man that said was a fool
D. the man which said that was a fool

ব্যাখ্যা: The man দ্বারা একজন ব্যক্তি বোঝাচ্ছে। তাই ব্যক্তির পরিবর্তে Subject হিসেবে Who বসবে।
Ans : B.

**18. You should try to cut ___ on coffee drink far too much of it.**
A. out B. up C. down D. off

ব্যাখ্যা: Cut down - কেটে ফেলা, হ্রাস করা Cut off - বিছিন্ন করা
Cut out - পরাস্ত করা Cut up - মর্মাহত হওয়া
Sentence টিতে বলা হয়েছে - তোমার কফি পানের অভ্যাস কমাতে চেষ্টা করা উচিত।
Ans : C.

**19. The correct active voice of 'that house has not been lived in for years' is-**
A. No One has been living in that house for years
B. No one ever lived in that house for years
C. Nobody has for years lived in that house
D. Nobody had been living for years in that house

Ans : A.

**20. 'Blue Chips' are**
A. Securities issued by the government
B. industrial shares considered to be save investment
C. industrial shares considered to be a risky investment
D. flat plastic considered to be a risky tokens

ব্যাখ্যা: Blue Chip দ্বারা ভালো প্রতিষ্ঠিত কোন কোম্পানীতে বিনিয়োগ করা বোঝায়, যেখানে বিনিয়োগ করা ঝুঁকিমুক্ত।
Ans : B.

**Question 21-25: Try to Choose the appropriate option fill in the gaps in the following sentence:**
The Indian subcontinent (21) clearly marked by the long British (22) just as Britain's history shows the rebuilt of its lengthy association (23) India whether all of (24) has been for better or worse is (25) impossible to say.

21. A. had been B. have been
C. has been D. has had been

ব্যাখ্যা ঃ Passage টি পুরোটাই Present tense দেওয়া আছে তাই fill in the gaps এ past হওয়ার সুযোগ নেই। আবার যেহেতু Past indefinite tense নাই তাই Past perfect হওয়ার কোন প্রশ্নই আসে না। বরং Present perfect হওয়াই যুক্তিযুক্ত কারন পরে Present indefinite tense আছে।
Ans : C.

22. A.interaction B. presence
C. policy D. development

ব্যাখ্যা ঃ Interaction - পারস্পরিক ক্রিয়া - প্রতিক্রিয়া
Presence - উপস্থিত বা বিদ্যমান থাকা
Policy - কৌশল
Development - উন্নয়ন
fill in the gaps এ ব্রিটিশদের দীর্ঘ উপস্থিতির কথা বলা হয়েছে।
Ans : B.

23. A. for B. through
C. with D. over

ব্যাখ্যা ঃ Association এর পরে সাধারনত Preposition with বসে। Association with - সহযোগিতা।
Ans : C.

24. A. those B. these C. this D. that

ব্যাখ্যা ঃ মূলত verb এর উপর base করেই noun বা Pronoun বসে। যেহেতু verb "has been" দেওয়া আছে। তাই Pronoun হিসেবে "this" ই বসবে।
Ans : C.

25. A. around B. almost
C. about D. above

ব্যাখ্যা ঃ "প্রায় অসম্ভব" অর্থে almost impossible ই খাটে। এ ধরনের question solution এর ক্ষেত্রে grammatical power এর চাইতে intellectual power বেশী গুরুত্বপূর্ণ।
Ans : B.

## সাধারণ জ্ঞান

### বাংলাদেশ বিষয়াবলি

**০১. বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী ছিলেন-**
ক. বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান খ. তাজউদ্দিন আহমদ
গ. ক্যাপ্টেন এম মনসুর আলী ঘ. এ এইচ এম কামারুজামান

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০০৮-২০০৯) এর বাংলাদেশ বিষয়াবলীর (১৭) নং দেখ।
সঠিক উত্তর : খ.

**০২. ১৯৫৪ সালে যুক্তফ্রন্টের নির্বাচনের পর পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী হয়েছিলেন-**
ক. এইচ এস সোহারাওয়ার্দী খ. মাওলানা ভাসানী
গ. নুরুল আমিন ঘ. এ কে ফজলুল হক

ব্যাখ্যা: • ২ এপ্রিল ১৯৫৪, শেরে বাংলা এ কে ফজলুল হকের নেতৃত্বে যুক্তফ্রন্ট মন্ত্রীসভা গঠিত হয়। শেরে বাংলা এ কে ফজলুল হক হন মুখ্যমন্ত্রী।
• ৩০ মে ১৯৫৪ যুক্তফ্রন্ট সরকার বাতিল করা হয়।
• যুক্তফ্রন্টের নির্বাচনী ইশতেহারে মোট ২১ দফা ছিল।
• প্রথম দফা ছিল বাংলাকে রাষ্ট্রভাষা করা।
সঠিক উত্তর : ঘ.

**০৩. বাংলাদেশের সংবিধানে এ পর্যন্ত কতবার সাংশোধনী আনা হয়?**
ক. ১৪ বার খ. ১১ বার
গ. ১৩ বার ঘ. ১৫ বার

সঠিক উত্তর : নাই (১৭ বার).

**০৪. স্বাধীনতার পর বাংলাদেশ প্রথম যে আন্তর্জাতিক সংস্থার সদস্যপদ লাভ করে-**
ক. কমনওয়েলথ খ. সার্ক
গ. জাতিসংঘ ঘ. আসিয়ান

সঠিক উত্তর : ক.

**০৫. ছয়দফা ঘোষণা করা হয়-**
ক. কাগমারিতে খ. লাহোর
গ. মেহেরপুর ঘ. ঢাকায়

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০০৮-২০০৯) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৩) নং দেখ।
সঠিক উত্তর : খ.

পড়ার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

০৬. জীবন থেকে নেয়া চলচ্চিত্রের নির্মাতা-
ক. আলমগীর কবির খ. জহির রায়হান
গ. খান আতাউর রহমান ঘ. চাষী নজরুল ইসলাম

ব্যাখ্যা: • ভাষা আন্দোলনের উপর নির্মিত প্রথম চলচ্চিত্র - জীবন থেকে নেয়া (১৯৭০)।
• জহির রায়হান পরিচালিত প্রথম ছবি - কখনো আসেনি (১৯৬১)।
• মুক্তিযুদ্ধ নিয়ে প্রথম প্রামান্য চিত্র - Stop Genocide.
• তৎকালীন সমগ্র পাকিস্তানের প্রথম রঙ্গিন চলচ্চিত্র - সঙ্গম (১৯৬৪)।
• জহির রায়হান রচিত উপন্যাস - তৃষ্ণা, শেষ বিকালের মেয়ে, হাজার বছর ধরে, আরেক ফাল্গুন, বরফ গলা নদী ইত্যাদি।
• জহির রায়হান পরিচালিত ছবি - কখনো আসে নি (১৯৬১), সোনার কাজল (১৯৬২), কাঁচের দেয়াল (১৯৬৩), আনোয়ারা (১৯৬৭), সঙ্গম (১৯৬৪); জীবন থেকে নেয়া (১৯৭০) ইত্যাদি।
সঠিক উত্তর : খ.

০৭. বাংলাদেশে সর্বপ্রথম ইন্টারনেট সিস্টেম চালুর সন-
ক. ১৯৯৫ খ. ১৯৯৬ গ. ১৯৭৮ ঘ. ১৯৯৭

ব্যাখ্যা: • বাংলাদেশে প্রথম ইন্টারনেট চালু হয় ৪ জুন ১৯৯৬।
• প্রথম অফলাইন ইমেইল চালু হয় ১৯৯৪ সালে।
সঠিক উত্তর : খ.

০৮. ঢাকা সর্বপ্রথম বাংলার রাজধানী হয় কোন সালে?
ক. ১২০৮ খ. ১৬১০ গ. ১৯১২ ঘ. ১৬১৪

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০০৬-২০০৭) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৪) নং দেখ।
সঠিক উত্তর : খ.

০৯. কোন সালে বাংলাদেশের নারীরা ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনে প্রথম সরাসরি ভোটে নির্বাচিত হন?
ক. ১৯৯৫ খ. ১৯৯৬ গ. ১৯৯৭ ঘ. ১৯৯৮

ব্যাখ্যা: ইউনিয়ন পরিষদে মোট ১৩ জন প্রতিনিধি থাকে।
• ১ জন চেয়ারম্যান, ৯ টি ওয়ার্ডের ৯ জন সদস্য এবং সংরক্ষিত আসনে ৩ জন নির্বাচিত নারী সদস্য নিয়ে।
• নারীদের জন্য সংরক্ষিত আসনের বিধান হয় - ১৯৯৩ সালে।
• নারীদের সংরক্ষিত আসনে সরাসরি ভোটে নির্বাচিত হয় - ১৯৯৭ সালে।
সঠিক উত্তর : গ.

১০. বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম আরব রাষ্ট্র-
ক. ইরাক খ. কুয়েত গ. মিশর ঘ. সিরিয়া

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৬) নং দেখ।
সঠিক উত্তর : ক.

১১. টেস্ট ক্রিকেটে বাংলাদেশের এক ইনিংসে সর্বোচ্চ রান-
ক. ৪০৬ খ. ৪১৬ গ. ৪২৬ ঘ. ৪৩৬

ব্যাখ্যা: এক ইনিংসে সর্বোচ্চ রান - ৬৩৮ (শ্রীলংকার সাথে) ২০১৩।
এক ইনিংসে সর্বনিম্ন রান - ৬২ (শ্রীলংকার সাথে) ২০০৭
সঠিক উত্তর : নেই.

১২. ১৯৭১ সালে অনুষ্ঠিত 'কনসার্ট ফর বাংলাদেশ' এর প্রধান শিল্পী
ক. রুনা লায়লা খ. বাপ্পী লাহিড়ী
গ. মার্ক এন্থনী ঘ. জর্জ হ্যারিসন

ব্যাখ্যা: • ১৯৭১ সালের ১ আগস্ট নিউইয়র্ক সিটির ম্যাডিসন স্কয়ার গার্ডেনে কনসার্ট ফর বাংলাদেশ অনুষ্ঠিত হয়।
• কনসার্ট ফর বাংলাদেশ এর উদ্যেক্তা ছিলেন জর্জ হ্যারিসন ও পন্ডিত রবিশংকর।
• জর্জ হ্যারিসনের ব্যান্ড দল - বিটলস।
সঠিক উত্তর : ঘ.

১৩. কোনটি সাংবিধানিক প্রতিষ্ঠান?
ক. বাংলাদেশ বিনিয়োগ বোর্ড খ. বাংলাদেশ পারমাণবিক শক্তি কমিশন
গ. বাংলাদেশ নির্বাচন কমিশন ঘ. বাংলাদেশ প্রাইভেটাইজেশন বোর্ড

ব্যাখ্যা: বাংলাদেশে বেশ কয়েকটি সাংবিধানিক প্রতিষ্ঠান রয়েছে।
• নির্বাচন কমিশন
• সরকারি কর্ম কমিশন
• মহা হিসাবরক্ষক ও নিরিক্ষক ইত্যাদি।
সঠিক উত্তর : গ.

১৪. বাংলাদেশ হাইকোর্টের প্রথম মহিলা বিচারপতি?
ক. তাহমিনা বেগম খ. নাজমুন আরা সুলতানা
গ. জাকিয়া সুলতানা ঘ. আনিসা হামিদ

ব্যাখ্যা: •উপমহাদেশের প্রথম মুসলিম নারী চিকিৎসক : ডা জোহরা বেগম কাজী
•বাংলাদেশের প্রথম নারী ভাস্কর - নভেরা আহমদ
•প্রথম নারী বিচারক - নাজমুন আরা সুলতানা
•সুপ্রিম কোর্টের নারী বিচারক - নাজমুন আরা সুলতানা
•প্রথম নারী পাইলট - সৈয়দা কানিজ ফাতেমা রোকসানা
•প্রথম নারী এএসপি - ফাতেমা বেগম
•প্রথম নারী বিগ্রেডিয়ার- সুরাইয়া বেগম
•প্রথম নারী কূটনীতিক - তাহমিনা খান ডলি
•প্রথম নারী সোর্ড অব অনার প্রাপ্ত সেনা কর্মকর্তা - মারজিয়া ইসলাম
•প্রথম নারী রেল চালক - সালমা খান
•প্রথম নারী এভারেস্ট বিজয়ী - নিশাত মজুমদার
•প্রথম নারী স্পিকার - ড. শিরিন শারমীন চৌধুরী
সঠিক উত্তর : খ.

১৫. 'খোয়াবনামা' উপন্যাসের লেখক-
ক. সৈয়দ ওয়ালীউল্লাহ খ. শহীদুল্লাহ কায়সার
গ. আখতারুজ্জামান ইলিয়াস ঘ. শওকত ওসমান

ব্যাখ্যা: আখতারুজ্জামান ইলিয়াস এর-
উপন্যাস : চিলকোঠের সেপাই, খোয়ারনামা।
ছোটগল্প : অন্য ঘরে অন্য স্বর, দুধভাতে উৎপাত, দোজখের ওম।
সঠিক উত্তর : গ.

১৬. 'পি আর এস পি' হচ্ছে-
ক. পঞ্চবার্ষিকী পরিকল্পনা
খ. বাজেট বিশ্লেষণ
গ. দারিদ্র বিমোচন সংক্রান্ত কৌশলপত্র
ঘ. দারিদ্রকে ঋণ বিতরণ সংক্রান্ত কৌশল

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০০৭-২০০৮) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৩) নং দেখ।
সঠিক উত্তর : গ.

১৭. যে বাঙালি বিজ্ঞানী 'ফাদার অব মর্ডান এ্যাসট্রোফিজিকস; হিসেবে পরিচিত –
ক. সত্যেন বোস খ. জগদীশচন্দ্র বসু
গ. মেঘনাদ সাহা ঘ. এফ আর খান

সঠিক উত্তর : ক.

১৮. বাংলাদেশের জিডিপি-তে কৃষির অবদান-
ক. ২৪ শতাংশের কম খ. ২৫ শতাংশ
গ. ২৪-২৫ শতাংশের মধ্যে ঘ. ২৫ শতাংশের বেশি

সঠিক উত্তর : নেই.

১৯. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠান জন্য গঠিত কমিশনের নাম-
ক. নাথান কমিশন খ. খুদা কমিশন
গ. ম্যাকলে কমিশন ঘ. মেটকাফ কমিশন

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলীর (১৪) নং দেখ।
সঠিক উত্তর : ক.

২০. মুক্তিযুদ্ধে কোন সেক্টর কেবল নৌ কমান্ডো দ্বারা গঠিত হয়েছিল?
ক. ১১নং সেক্টর খ. ১নং সেক্টর গ. ১০নং সেক্টর ঘ. ৯নং সেক্টর

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০০৮-২০০৯) এর বাংলাদেশ বিষয়াবলীর (১০) নং দেখ।
সঠিক উত্তর : গ.

২১. মার্কিন কোন কবি বাংলাদেশের মুক্তিযুদ্ধের উপর 'সেপ্টেম্বর অন যশোর রোড' কবিতাটি রচনা করেছিলেন?
ক. ওয়াল্ট হুইটম্যান খ. অ্যালেন গিনস্‌বার্গ
গ. উইলিয়াম কার্লোস উইলিয়ামস ঘ. রবার্ট ফ্রস্ট

ব্যাখ্যা: মার্কিন নাগরিক অ্যালেন গিনসবার্গ 'সেপ্টেম্বর অন যশোর রোড' কবিতাটি রচনা করেন।
প্রথম দুই লাইন - Millions of babies in pain
Millions of mothers in rain.
আরও, বিস্তারিত ঢাবি (২০১৩-২০১৪) এর বাংলাদেশ বিষয়াবলীর (০৫) নং দেখ।
সঠিক উত্তর : খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২২. বাংলাদেশ সংবিধানে মোট কয়টি ভাগ আছে?
ক. ১৫টি খ. ১১টি গ. ১৪টি ঘ. ১৬টি

ব্যাখ্যা: • বাংলাদেশের সংবিধানের মূলনীতি ৪টি।
• ১১ টি অধ্যায় • ১৫৩ টি অনুচ্ছেদ • ১৬ টি সংশোধনী
সঠিক উত্তর : খ.

২৩. বাংলাদেশের জনসংখ্যায় নারী পুরুষের অনুপাত
ক. ১০০:১০২ খ. ১০০:১০৩
গ. ১০০:১০৪ ঘ. ১০০:১০৫

ব্যাখ্যা: ২০২১ সালের আদমশুমারী অনুযায়ী, জনসংখ্যার নারী ও পুরুষের অনুপাত ১০২ : ১০০।
সঠিক উত্তর : খ.

২৪. বাংলাদেশ ও ভারতের মধ্যে ৩০ বছর মেয়াদি গঙ্গার পানি চুক্তি স্বাক্ষরিত হয় কোন তারিখে?
ক. ২ ডিসেম্বর ১৯৯৭ খ. ৩ ডিসেম্বর ১৯৯৬
গ. ১৩ ডিসেম্বর ১৯৯৭ ঘ. ১২ ডিসেম্বর ১৯৯৬

ব্যাখ্যা: • গঙ্গার পানি বন্টন চুক্তি স্বাক্ষরিত হয় ১২ ডিসেম্বর ১৯৯৬।
• বাংলাদেশের পক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভারতের পক্ষে তৎকালীন প্রধানমন্ত্রী এইচ ডি দেবগৌড়া।
• গঙ্গার পানি বন্টন চুক্তি ৩০ বছরের জন্য স্বাক্ষরিত হয়।
সঠিক উত্তর : ঘ.

২৫. বাংলাদেশ উপজাতীয় সাংস্কৃতিক কেন্দ্র অবস্থিত-
ক. বৃহত্তম ঢাকায় খ. পটুয়াখালীতে
গ. বৃহত্তম ময়মনসিংহে ঘ. দিনাজপুরে

ব্যাখ্যা: উপজাতীয় সাংস্কৃতিক কেন্দ্র বৃহত্তর ময়মনসিংহের নেত্রকোনা জেলার বিরিশিরি তে অবস্থিত।
সঠিক উত্তর : গ.

## আন্তর্জাতিক বিষয়াবলি

০১. জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয়-
ক. লন্ডনে খ. প্যারিসে গ. সান ফ্রান্সিসকোতে ঘ. নিউ ইয়র্কে

ব্যাখ্যা: ১৯৪৫ সালের ২৫ এপ্রিল সানফ্রান্সিসকোতে ৫০ টি দেশের প্রতিনিধিগন যোগদান করেন এবং জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয়।
বিস্তারিত : ঢাবি (২০১০-২০১১) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (১৮) নং দেখ।
সঠিক উত্তর : গ.

০২. রাষ্ট্রপ্রধান নন-
ক. জর্জ বুশ খ. টনি ব্লেয়ার
গ. ভাদিমির পুতিন ঘ. মাহিন্দ রাজাপাকসে

ব্যাখ্যা: জর্জ বুশ - যুক্তরাষ্ট্রের ৪৩ তম প্রেসিডেন্ট।
টনি ব্লেয়ার - যুক্তরাজ্যের ২৫ তম প্রধানমন্ত্রী।
ভদিমির পুতিন - রাশিয়ার ২য় ও বর্তমান প্রেসিডেন্ট।
মাহিন্দা রাজাপাকসে - শ্রীলংকার ৬ষ্ঠ প্রধানমন্ত্রী।
সঠিক উত্তর : নাই।

০৩. সম্প্রতি আলোড়ন সৃষ্টিকারী ভলকার রিপোর্টে কোন বিষয়ে আলোকপাত করা হয়েছে?
ক. আফগানিস্তানে তালেবানদের কার্যকলাপ
খ. ইরাকে তেলের বিনিময়ে খাদ্য সরবরাহ করতে গিয়ে কয়েক ব্যক্তির সুযোগ গ্রহণ
গ. ফিলিস্তিনিদের উপর ইসরায়েলের নির্যাতন
ঘ. কাশ্মীরে সহিংসতা

ব্যাখ্যা: ভলকার রিপোর্ট এ ইরাকে তেলের বিনিময়ে খাদ্য সরবরাহ করতে গিয়ে কয়েক ব্যক্তির সুযোগ গ্রহণের বিষয়টি উঠে আসে এবং এর সাথে তৎকালীন ভারতের বিদেশমন্ত্রী নটবর সিং এর জড়িত থাকার প্রমান পায়।
সঠিক উত্তর : খ.

০৪. আচেহ প্রদেশটি কোন দেশের অংশ?
ক. মালয়েশিয়ার খ. ইন্দোনেশিয়ার
গ. থাইল্যান্ডের ঘ. মায়ানমারের

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১১-২০১২) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (০৬) নং দেখ।
সঠিক উত্তর : খ.

০৫. UNESCO-র সদর দপ্তর অবস্থিত?
ক. লন্ডনে খ. জেনেভায় গ. নিউইয়র্কে ঘ. প্যারিসে

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১০-২০১১) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (১৭) নং দেখ।
সঠিক উত্তর : ঘ.

০৬. Orient House কার সদর দপ্তর?
ক. প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশন
খ. ব্রিটিশ লেবার পার্টি
গ. যুক্তরাষ্ট্রের ডেমোক্রেটিস পার্টি
ঘ. ভারতীয় জাতীয় কংগ্রেস

ব্যাখ্যা: • Orient House ফিলিস্তিনির জেরুজালেমে অবস্থিত। Orient House প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশন (PLO) এর সদর দপ্তর।
আরও বিস্তারিত : ঢাবি (২০০৬-২০০৭) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (১৭) নং দেখ।
সঠিক উত্তর : ক.

০৭. আলবেনিয়ার রাজধানী
ক. মিলান খ. জেনেভা গ. প্রাগ ঘ. তিরানা

সঠিক উত্তর : ঘ.

০৮. মোট কতটি রাষ্ট্র জাতিসংঘের সদস্য?
ক. ১৪৮ খ. ১৮৮ গ. ১৯০ ঘ. ১৯৩

ব্যাখ্যা: জাতিসংঘ সাধারণ পরিষদ কর্তৃক স্বীকৃত রাষ্ট্রের সংখ্যা - ১৯৫ টি।
জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা - ১৯৩ (সর্বশেষ দক্ষিণ সুদান)।
সঠিক উত্তর : ঘ.

০৯. ইরানের কোন পারমাণবিক প্লান্টকে প্রথম পারমাণবিক অস্ত্র উপযোগী Highly Enriched Uranium প্রস্তুতির জন্য সন্দেহ করা হয়?
ক. নাতানজ পারমাণবিক প্লান্ট খ. ইস্ফাহান পারমাণবিক প্লান্ট
গ. আরাক পারমাণবি প্লান্ট ঘ. বুশের পারমাণবিক প্লান্ট

সঠিক উত্তর : খ.

১০. কোন দেশটির Organization of Islamic Cooperation (OIC)-এ পর্যবেক্ষকের মর্যাদা রয়েছে?
ক. চীনের খ. বাংলাদেশের গ. থাইল্যান্ডের ঘ. আলজেরিয়ার

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০০৯-২০১০) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (১০) নং দেখ।
সঠিক উত্তর : গ.

১১. ভারতের বর্তমান জোট সরকারের প্রতিষ্ঠানিক নাম-
ক. ভারতীয় কংগ্রেস খ. ভারতীয় গণতান্ত্রিক জোট
গ. জাতীয় জনতা পার্টি ঘ. ঐক্যবদ্ধ প্রগতিশীল জোট

ব্যাখ্যা:
• ২০১৪ সালের ৭ এপ্রিল থেকে ১২ মে ২০১৪ পর্যন্ত ভারতের জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হয়।
• ১৬ মে, ২০১৪ নির্বাচনী ফলাফল ঘোষনা করা হয়।
• নির্বাচনে জয়ী হয় ভারতীয় জনতা পার্টি (বিজেপি) এর নেতৃত্বাধীন National Democratic Alliance (NDA).
• ভারতের বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বারনাসি, গুজরাট থেকে জয়লাভ করেন।
• বিজিপি লোকসভা ৫৪৩ টি আসনের মধ্যে ২৮২ টি আসন পায় জোটগত ভাবে NDA পায় ৩৩৬ টি আসন।
সঠিক উত্তর : খ.

১২. পারমাণবিক অস্ত্র প্রসার রোধ সংক্রান্তচুক্তি (এনপিটি) এর স্বাক্ষরকারী নয়-
ক. চীন খ. বাংলাদেশ গ. ভারত ঘ. ফ্রান্স

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০০৮-২০০৯) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (১১) নং দেখ।
সঠিক উত্তর : গ.

১৩. জাতিসংঘ দিবস পালিত হয়-
ক. ১৭ এপ্রিল খ. ৩ জুন গ. ২৪ অক্টোবর ঘ. ১০ ডিসেম্বর

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০১০-২০১১) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (১৮) নং দেখ।
সঠিক উত্তর : গ.

১৪. কোন দেশে রাজতন্ত্র নেই?
ক. যুক্তরাজ্যে খ. নেপালে গ. জাপানে ঘ. যুক্তরাষ্ট্রে

ব্যাখ্যা: সরাসরি রাজতন্ত্র পরিচালিত হচ্ছে - ব্রুনাই, কাতার, সৌদি আরব, সোয়াজিল্যান্ড, ভুটান।
• সাংবিধানিক রাজতন্ত্র - ইংল্যান্ডে, জাপান, ভুটান, থাইল্যান্ড, বেলজিয়াম, মরক্কো ইত্যাদি।
• যুক্তরাষ্ট্র রাষ্ট্রপতির শাসিত গনতান্ত্রিক দেশ। নেপাল গনতান্ত্রিক রাষ্ট্র।
সঠিক উত্তর : খ/ঘ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৫. তিব্বতের ধর্মীয় নেতাকে বলা হয়-
ক. পোপ খ. ভিক্ষু গ. দালাইলামা ঘ. কনফুসিয়াস

ব্যাখ্যা: তিব্বতের ধর্মীয় নেতাকে দালাইলামা বলে।
• বর্তমান ১৪ তম দালাইলামা তেনজিন গিয়াতসো।
সঠিক উত্তর : গ.

১৬. একাডেমি এওয়ার্ড জয়ী ফারেনহাইট ৯/১১ ছবিটির পরিচালক-
ক. ক্লিন্ট ইষ্টউড খ. মাইকেল মুর
গ. আর্থার মিলার ঘ. জেমস ক্যামেরুন

ব্যাখ্যা: ৮৯ তম একাডেমী এওয়ার্ড জয়ী ছবি -
La La Land এর পরিচালক Damien Chazelle.
সঠিক উত্তর : খ.

১৭. BIMSTEC - বলতে কোঝায়-
A. Bangladesh, India, Malaysia, Singapore, Thailand Economic Co-operation.
B. Bangladesh, India, Myanmar, Sri-Lanka, Thailand, Economic Co-operation.
C. Burma, India, Maldives, Sri Lanka, Thailand Economic Co-operation.
D. Burma, India, Malaysia, Sri Lanka, Thailand Economic Co-operation.

ব্যাখ্যা: BIMSTEC - Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Co-operation.
• BIMSTEC এর সদস্য - বাংলাদেশ, ভারত, শ্রীলংকা, থাইল্যান্ড, মিয়ানমার, নেপাল, ভুটান।
• BIMSTEC এর সদর দপ্তর - ঢাকা, বাংলাদেশ।
• BIMSTEC এর পূর্ব নাম - Bangladesh, India, Myanmar, Srilanka, Thailand, Econimic Co-operation.
সঠিক উত্তর : খ.

১৮. ২০০৮ সালে অলিম্পিক গেমস অনুষ্ঠিত হবে-
ক. সিউলে খ. আমস্টারড্যামে গ. বেইজিংয়ে ঘ. মিউনিখে

ব্যাখ্যা: • ২০০৮ সালে অলিম্পিক গেমস অনুষ্ঠিত হয় চীনের বেইজিং।
• ২০১৬ সালে অলিম্পিক গেমস অনুষ্ঠিত হবে ব্রাজিলের রিওডি জেনিরোতে।
সঠিক উত্তর : গ.

১৯. কোন দেশগুলো ২০০৫ সালে ঢাকায় অনুষ্ঠিত সার্ক সম্মেলনে পর্যবেক্ষক মর্যাদা লাভ করেছিল?
ক. মায়ানমার ও চীন খ. মায়ানমার ও জাপান
গ. চীন ও মালয়েশিয়া ঘ. চীন ও জাপান

ব্যাখ্যা: বিভিন্ন সংস্থার পর্যবেক্ষক -
জাতিসংঘ - ভ্যাটিকান সিটি ও ফিলিস্তিন।
ওআইসি (OIC) - বসনিয়া ও হার্জেগোভিনা, থাইল্যান্ড, রাশিয়া।
ন্যাম (NAM)-১৭ টি, গুরুত্বপূর্ণ-চীন, ব্রাজিল, কোস্টারিকা, মেক্সিকো ইত্যাদি।
আরবলীগ - ব্রাজিল, ইরিত্রিয়া, ভারত ও ভেনেজুয়েলা।
সার্ক (SAARC) - চীন, জাপান, যুক্তরাষ্ট্র, দ. কোরিয়া, ইরান, মরিশাস, মিয়ানমার, অস্ট্রেলিয়া ও ইউরোপীয় ইউনিয়ন।
সঠিক উত্তর : ঘ.

২০. CTBT এর পূর্ণরূপ-
ক. Complete Test Ban Treaty.
খ. Comprehensive Test Ban Treaty
গ. Chemical Test Ban Treaty
ঘ. Chlorine That Ban Treaty.

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০১১-২০১২) এর আন্তর্জাতিক বিষয়াবলীর (২৫) নং দেখ।
সঠিক উত্তর : খ.

২১. ইসরায়েলের লিকুদ দলটির বর্তমান নেতা-
ক. লেভি এশ্কল খ. বেগিন গ. নেতানিয়াহু ঘ. এ্যারিয়েল শ্যারন

ব্যাখ্যা: ইসরাইলের লিকুদ পার্টির নেতা ও বর্তমান প্রধানমন্ত্রী - বেঞ্জামিন নেতানিয়াহু।
সঠিক উত্তর : গ.

২২. রাশিয়ার কোন অংশে চেচনিয়া অবস্থিত?
ক. সাইবেরিয়া খ. তাতারিস্থানে গ. কাস্পিয়ানে ঘ. ককেশাসে

ব্যাখ্যা: মুসলিম অধ্যুষিত চেচেনিয়া রাশিয়ার দক্ষিণে ককেশাস অঞ্চলে অবস্থিত। ১৯৯৪ সাল থেকে চেচেনিয়া স্বাধীনতার জন্য যুদ্ধ চালিয়ে আসছে।
সঠিক উত্তর : ঘ.

২৩. কোন বছর আমেরিকার স্বাধীনতা ঘোষনা করা হয়েছিল?
ক. ১৭৮৭ সালে খ. ১৯৮৯ সালে
গ. ১৭৭৬ সালে ঘ. ১৭৭৭ সালে

ব্যাখ্যা: • আমেরিকার স্বাধীনতা সংগ্রামের নায়ক ও আমেরিকার প্রথম প্রেসিডেন্ট জর্জ ওয়াশিংটন ফিলাডেলফিয়ায় অবস্থিত ইনডিপেন্ডস হল এ প্রথম স্বাধীনতার ঘোষনা দেন ৪ জুলাই ১৭৭৬।
• ১৭৮০ সালে প্রথম ভার্সাই চুক্তির মাধ্যমে আমেরিকা যুক্তরাজ্যের কাছ থেকে স্বাধীনতা লাভ করে।
• যুব আমেরিকার শতবার্ষিকী উপলক্ষে ফ্রান্স ১৮৮৬ সালে যুক্তরাষ্ট্রকে "স্ট্যাচু অব লির্বাটি" উপহার দেয়।
সঠিক উত্তর : গ.

২৪. আল-জাজিরা স্যাটেলাইট টেলিভিশনের প্রধান সম্প্রচার কেন্দ্র কোথায় অবস্থিত?
ক. কুয়েতে খ. ওমানে গ. কাতারে ঘ. বাহরাইনে

ব্যাখ্যা: • কাতারের দোহা ভিত্তিক স্যাটেলাইট টিভি চ্যানেল আলজাজিরা।
• ১ নভেম্বর ১৯৯৬ এ আল-জাজিরা প্রতিষ্ঠিত হয়।
• ২০০৩ সালে ইরাকে ইঙ্গ - মার্কিন হামলার সংবাদ পরিবেশনে চ্যানেলটি আলোচিত হয়ে ওঠে।
সঠিক উত্তর : ঘ.

২৫. বিশ্বের কোন নগরটি দুটি মহাদেশে বিস্তৃত?
ক. কায়রো খ. পারিস গ. লন্ডন ঘ. ইস্তাম্বুল

ব্যাখ্যা: তুরস্কের ইস্তাম্বুল নগরী একই সাথে এশিয়া ও ইউরোপে মধ্যে বিস্তৃত।
সঠিক উত্তর : ঘ.

## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০০৪-২০০৫

### বাংলা

০১. অপপ্রয়োগের দৃষ্টান্ত
ক. প্রতি ঘরে ঘরে খ. চরম দুরবস্থা
গ. উর্ধ্বমুখী ঘ. কথার ফুলঝুরি

ব্যাখ্যা ঃ (ক)-অপশনে "ঘরে ঘরে" অথবা 'প্রতিঘরে' হবে একই সাথে দুবার বহুবচন বোধক শব্দ বসে না।
সঠিক উত্তর ঃ ক.

০২. কোনটি শুদ্ধ শব্দগুচ্ছ?
ক. সমীচীন, হরীতকী, বাল্মীকি খ. সমীচীন, হরিতকী, বাল্মীকি
গ. সমিচীন, হরিতকী, বাল্মিকী ঘ. সমিচীন, হরিতকি, বাল্মিকি

সঠিক উত্তর ঃ খ.

০৩. আঁতাত, শব্দটি
ক. ইংরেজি খ. ফারসি গ. ফরাসি ঘ. স্প্যানিশ

ব্যাখ্যা ঃ বিস্তারিত : ঢাবি (২০১২-২০১৩) এর (১২) নং দেখ।
সঠিক উত্তর ঃ গ.

০৪. কোন বক্তব্যটি সঠিক?
ক. সাধু ভাষার কেবল তৎসম শব্দই ব্যবহৃত হয়
খ. সাধু ভাষার কোন তৎসম শব্দই ব্যবহৃত হয় না
গ. যে কোন ধরনের শব্দ সাধু ভাষা ও চলিত ভাষায় ব্যবহৃত হতে পারে
ঘ. সাধু ভাষায় দেশি শব্দ ব্যবহৃত হয় না

ব্যাখ্যা ঃ

| সাধু রীতি | চলিত রীতি |
|---|---|
| শুধু লৈখিক রূপ | লৈখিক ও মৌখিক উভয় রূপই আছে |
| ব্যাকরণের নিয়ম অনুসারে চলে | পরিবর্তনশীল |
| তৎসম শব্দ বহুল | তদ্ভব শব্দ বহুল |
| সর্বনাম ও ক্রিয়াপদের গঠন পদ্ধতি মেনে চলে | সর্বনাম ও ক্রিয়াপদের পরিবর্তিত ও সহজতর রূপ লাভ করে |

সঠিক উত্তর ঃ গ.

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার